# Times Today BD

মীর খায়রুল আলম | দেশজুড়ে | 05 May, 2025

বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মাহমুদুল হক সাতক্ষীরার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে বিচারপ্রার্থীদের জন্য নবনির্মিত বিশ্রামাগার 'ন্যায়কুঞ্জ' উদ্বোধন করেছেন।সোমবার সকাল ৯টা ১৫মিনিটে 'ন্যায়কুঞ্জ' উদ্বোধনের পর সাড়ে ৯টায় জেলা ও দায়রা জজ আদালতের সম্মেলন কক্ষে জেলার বিচার বিভাগীয় বিচারকদের সাথে মতবিনিময় করেন তিনি।

বিচারপতি মাহমুদুল হক বলেন, "ন্যায়কুঞ্জ" উদ্বোধনের ফলে বিচারপ্রার্থী মানুষের সেবাকে আরো একধাপ এগিয়ে নেওয়া হলো।এর ফলে বিচারপ্রার্থী নারী পুরুষ আদালত অঙ্গনে এসে একটু বিশ্রামের সুযোগ পাবে।

তিনি বলেন, সাতক্ষীরার আদালতে পৌনে এক লাখ মামলা পেইন্ডিং আছে।বিচার নিষ্পত্তি আরও সহজ করতে আমরা একের পর এক পদক্ষেপ নিচ্ছি।আমরা ইতোমধ্যে সুপ্রিম কোর্ট থেকে ১২দফা নির্দেশনা দিয়েছি কিভাবে এই মামলা জট কমানো যায়।

এই মামলাগুলো একদিনে হয়নি উল্লেখ করে তিনি আরও বলেন, যখন থেকে এই বিচার ব্যবস্থা শুরু হয়েছে তখন থেকে ক্রমান্বয়ে এই মামলা জটের সৃষ্টি হয়েছে।

তিনি বলেন, এখন আমরা বিচারকের সংখ্যা বাড়িয়েছি, ফলে দ্রুত মামলা নিষ্পত্তি করা সম্ভব হবে।

এরপর তিনি দিনভর সাতক্ষীরা জেলার বিভিন্ন দর্শনীয় স্থান সফর করেন কালীগঞ্জের নলতা শরীফ, দেবহাটার মিনি সুন্দরবন ও সাতক্ষীরা সদরের ভোমরা স্থল বন্দর।

এ সময় বিচারপতির সাথে সফর সঙ্গী ছিলেন, সহকারী রেজিস্ট্রার (সহকারী জজ) মোসা. শামসুন নাহার, বেঞ্চ অফিসার মো. আক্তারুজ্জামান ও ব্যক্তিগত কর্মকর্তা মো. একরামুল কবীরসহ সাতক্ষীরা বিচার বিভাগের বিচারকবৃন্দ।

বাংলাদেশ সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগ বিচারপ্রার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:29

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1941807034